DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) 󠁧 তৈরি: 16 Aug 2026, 04:20 AM

জাতীয়

# রাজধানীর রামপুরা-নতুনবাজার সড়কে তীব্র যানজট

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ৩০ জুলাই ২০২৬, ০১:৪৯ PM



রাজধানীর রামপুরা থেকে নতুনবাজার পর্যন্ত সড়কে দুটি ট্রাক বিকল হয়ে পড়ায় তীব্র যানজটের সৃষ্টি হয়েছে।

বৃহস্পতিবার (৩০ জুলাই) সকালে এ ঘটনায় অফিসগামী হাজারো মানুষ চরম ভোগান্তিতে পড়েন।

ট্রাফিক পুলিশ জানায়, ভোর ৪টার দিকে বৃষ্টির কারণে মেরাদিয়া এলাকায় সড়কে পানি জমে যায়। এ সময় দুটি ট্রাক বিকল হয়ে সড়কের ওপর আটকে পড়ে। এতে নতুনবাজার, বাড্ডা, মেরাদিয়া হয়ে রামপুরা পর্যন্ত দীর্ঘ যানজট ছড়িয়ে পড়ে।

যানজটের কারণে শত শত বাস, ব্যক্তিগত গাড়ি, সিএনজিচালিত অটোরিকশা ও মোটরসাইকেল দীর্ঘ সময় আটকে থাকে। দীর্ঘক্ষণ যানবাহনে বসে থাকার পর অনেক যাত্রী বৃষ্টির মধ্যেই বাস থেকে নেমে হেঁটে গন্তব্যের উদ্দেশে রওনা দেন। অফিস, শিক্ষাপ্রতিষ্ঠান ও জরুরি কাজে যাওয়া যাত্রীরা সময়মতো পৌঁছাতে না পারার আশঙ্কা প্রকাশ করেন। সবচেয়ে বেশি দুর্ভোগে পড়েন নারী, শিশু, বয়স্ক ও অসুস্থ যাত্রীরা।

যানজটের কারণে নতুনবাজার থেকে বাড্ডা লিংক রোড ব্যবহারকারী আলিফ, বৈশাখীসহ কয়েকটি গণপরিবহনকে গুলশান-২ হয়ে বিকল্প পথে চলাচল করতে দেখা যায়। এতে ওই সড়কেও যানবাহনের চাপ বেড়ে যায়। তবে রামপুরা থেকে কুড়িল বিশ্বরোড পর্যন্ত সড়কে যান

চলাচল স্বাভাবিক ছিল।

ঢাকা মহানগর পুলিশের ট্রাফিক বিভাগের রামপুরা জোনের সহকারী কমিশনার (এসি) আসাদুজ্জামান বলেন, ভোরে বিকল হওয়া দুটি ট্রাকের মধ্যে একটি ইতোমধ্যে সরিয়ে নেওয়া হয়েছে। অন্যটি অপসারণের কাজ চলছিল। ট্রাক দুটি সড়কে বিকল হয়ে পড়ায় ওই অংশে যান চলাচল ব্যাহত হয় এবং এর প্রভাব নতুনবাজার থেকে রামপুরা পর্যন্ত বিস্তৃত হয়।

---

## এ বিভাগের আরও খবর




**প্রথমবার কিশোরগঞ্জ সফরে প্রধানমন্ত্রী তারেক রহমান**
প্রধানমন্ত্রী তারেক রহমান প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর প্রথমবারের মতো আজ রোববার কিশোরগঞ্জ সফর করছেন। জাতীয় মৎস্য পক্ষ-২০২৬-এর উদ্ব...




**প্রধানমন্ত্রী কিশোরগঞ্জ যাচ্ছেন আজ**
প্রধানমন্ত্রী তারেক রহমান আজ রবিবার (১৬ আগস্ট) কিশোরগঞ্জ সফরে আসছেন। ঢাকা থেকে সড়কপথে রওয়ানা হয়ে কিশোরগঞ্জ সদর ছাড়াও কটিয়াদী ও পাকুন্দিয়া উপ...



**৭ জেলায় ঝোড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা**
দুপুরের মধ্যে দেশের ৭ জেলার ওপর দিয়ে ঝোড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ ছাড়া সংশ্লিষ্ট এলাকার নদীবন্দরগুলোকে ১ নম্বর সতর্কসংকেত দেখ...




**রাষ্ট্রপতি নির্বাচন: মনোনয়নপত্র বাছাই আজ**

রাষ্ট্রপতি নির্বাচনে মনোনয়নপত্র বাছাই হবে আজ রবিবার (১৬ আগস্ট)। নির্বাচন ভবনে নির্বাচনী কর্তা (প্রধান নির্বাচন কমিশনার) সকাল ১০টা থেকে মনোনয়...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/rajdhanir-rampura-ntunbajar-srke-tibr-janjt